



স্মারক নং-৩৩.০১.০০০০.৮২৮.৯৯.০২২.২০. ৬৪৪

তারিখঃ ৩০.০৭.২০২০খ্রি.

বিষয়ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)-এর জরুরী কর্মপরিকল্পনা (Emergency Action Plan)
এর আওতায় প্রকল্পভুক্ত সকল উপজেলায় সুফলভোগী নির্বাচনের **পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাংকের অর্থায়নে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)-এর অনুমোদিত ডিপিপি-তে “Contingency Emergency Response” নামে সাব-কম্পোনেন্ট (C4) রয়েছে এবং এর আওতায় জরুরী কার্যক্রম নেয়া সম্ভব। বর্তমানে দেশে Coronavirus Disease (COVID-19) জনিত জরুরী পরিস্থিতিতে প্রাণিসম্পদ সেক্টরের ডেইরী ও পোল্ট্রি খামারী উদ্যোক্তাগণের ক্ষতি কাটিয়ে মনোবল বাড়ানো ও তাদের ব্যবসা চালু রাখার নিমিত্ত এলডিডিপির জরুরী কর্মপরিকল্পনা (Emergency Action Plan) এর আওতায় সরকার নির্দিষ্ট সংখ্যক খামারীকে নগদ আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত নিয়েছে।

এমতাবস্থায়, সংযুক্তি-১ এ বর্ণিত সিলেকশন ক্রাইটেরিয়ার ভিত্তিতে সংযুক্তি-২ এ বর্ণিত সংখ্যক সুফলভোগী নির্বাচন করে তালিকা প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে। সুফলভোগী নির্বাচনে সংযুক্তি-৩ বর্ণিত কমিটি দায়িত্ব পালন করবে। উক্ত তালিকায় নির্বাচিত সকল সুফলভোগীর নিকট থেকে সংযুক্তি-৪ এ বর্ণিত ফরমে সকল তথ্য যথাযথভাবে গ্রহণ করতে হবে। কমিটি গঠন, প্রদত্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যাচাইপূর্বক সুফলভোগী নির্বাচন, ফরম পূরণ, ক্রস চেকিং ইত্যাদি সম্পন্ন করে কমিটির সকল সদস্যের স্বাক্ষরযুক্ত পূর্ণাঙ্গ তালিকা আবশ্যিকভাবে আগামী ১৩ই সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। উল্লিখ্য যে, প্রাপ্ত তালিকানুযায়ী নির্বাচিত সুফলভোগী, তাদের ন্যাশনাল আইডি, রেজিস্টার্ড সেল ফোন, ব্যাংক/বিকাশ একাউন্ট ইত্যাদিসহ তার খামারে বর্ণিত সংখ্যক পশু-পাখি আছে কি না উহা পুনরায় ভেরিফিকেশন করা হবে।

সংযুক্তি-১: সিলেকশন ক্রাইটেরিয়া- ০২ পৃষ্ঠা।

সংযুক্তি-২: উপজেলাওয়ারী নির্বাচিতব্য সুফলভোগীর সংখ্যা (ক্যাটেগরী ভিত্তিক)- ০২ পৃষ্ঠা।

সংযুক্তি-৩: উপজেলা পর্যায়ে সুফলভোগী নির্বাচন কমিটির সরকারি আদেশ- ১ পৃষ্ঠা।

সংযুক্তি-৪: সুফলভোগীর তথ্য সংগ্রহ ফরম-১ পৃষ্ঠা।

৩০/০৭/২০২০

(মোঃ আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)

ফোনঃ ০২-৫৮১৫৪৯১৩

ই-মেইলঃ lddp@dls.gov.bd

প্রাপক,

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সিলেট/ মৌলভীবাজার/ হবিগঞ্জ/ সুনামগঞ্জ।

সদয় অবগতির জন্যঃ

- ১। পিএ টু মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/ঢাকা/ময়মনসিংহ/সিলেট/চট্টগ্রাম।
- ৫। অফিস কপি।